MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২২/ ২৪১

তারিখঃ ১৮/১০/২০২২

## <u>সম্মানিত সকল সদস্যের জন্য</u>

**বিষয়ঃ আমদানিকারকের মনোনীত C&F এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) বিজিএমইএ'র সার্কুলার নং- বিজিএ/কাস/২০২২/১৮৩, তারিখ: ২৩/০৮/২০২২।
(খ)ঢাকা কাস্টম হাউসের স্মারক নং ৫-কাস-১২(২৭)নীতিপদ্ধতি/বিবিধ/১৪/১৩৪৪৩(২),তারিখঃ ১৬/০৮/২২।
(গ) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০১.২০/৪০৯, তারিখ: ০৩/০৮/২২

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি প্রক্রিয়া সহজীকরণ এবং দ্রুততম সময়ে ঝুঁকি হ্রাসপূর্বক রাজস্ব আহরণের লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে যথাযথ জবাবদিহিতা নিশ্চিতকরণ, শুল্কায়নের কাজে নিয়োজিত কর্মকর্তাদের নিবিড় মনিটরিং ও অনিয়ম সংঘটিত হলে দায়ী ব্যক্তিদের সহজে চিহ্নিতকরণ এবং বিন জালিয়াতি রোধকল্পে আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টেদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের নিমিত্তে জাতীয় রাজস্ব বোর্ড হতে সূত্রোক্ত 'গ' সার্কুলার জারী করে। উল্লেখ্য সূত্রোক্ত 'গ' সার্কুলারে আমদানিকারকের মনোনীত সর্বোচ্চ ৩টি (তিন) সিএন্ডএফ এজেন্টের নাম অ্যাসাইকুডাতে সংযুক্তকরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

বিজিএমইএ'র প্রেসিডেন্ট মহোদয়ের নেতৃত্বে একটি প্রতিনিধি দল ১৭/১০/২০২২ইং তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সাথে সভায় মিলিত হন। উক্ত সভায় কাস্টমস, বন্ড ও ভ্যাট সংক্রান্ত গুরুত্বপূর্ণ সমস্যা নিয়ে আলোচনা হয়। এছাড়াও সভায় অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সিএন্ডএফ এজেন্টদের নামের তালিকা সংযুক্তকরণের বিষয়ে বিস্তারিত মতবিনিময় হয়। বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃপক্ষ প্রতিটি কাস্টম হাউসের বিপরীতে আমদানিকারকের মনোনীত সর্বোচ্চ ৩টি (তিন) করে সিএন্ডএফ এজেন্টের নাম অ্যাসাইকুডাতে সংযুক্ত করা যাবে মর্মে নীতিগতভাবে সম্মতি প্রকাশ করেন।

সূত্রোক্ত 'ক' সার্কুলারের মাধ্যমে আমদানিকারকের মনোনীত সর্বোচ্চ ৩টি (তিন) সিএন্ডএফ এজেন্টদের নাম অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরনের জন্য উল্লেখ করা হয়েছিল। যেহেতু নির্দেশনা পরিবর্তন করে আপনাদের আমদানি-রপ্তানি কার্যে সংশ্লিস্ট প্রতিটি কাস্টম হাউসের বিপরীতে সর্বোচ্চ ৩টি (তিন) সিএন্ডএফ এজেন্টেদের নামের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের বিষয়ে রাজস্ব বোর্ড নীতিগতভাবে সম্মতি প্রকাশ করেছে সেহেতু পুনরায় নতুন করে সূত্রোক্ত 'গ' স্মারকে উল্লেখিত ছক মোতাবেক সংশ্লিষ্ট প্রতিটি কাস্টম হাউসের কমিশনার বরাবর পৃথকভাবে আমদানিকারকের মনোনীত সর্বোচ্চ ৩টি (তিন) সিএন্ডএফ এজেন্টের নামের তালিকা আগামী ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করত প্রতিটি আবেদনের অনুলিপি মহাসচিব, বিজিএমইএ, বিজিএমইএ ভবন, হাউস নং-৭/৭এ, ব্লক নং-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০-তে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তিঃ সূত্রোক্ত পত্রসমূহ ।

ধন্যবাদান্তে,

১৮/১০/২০২২

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব


**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level-4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
" Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজ্ঞপ্তি নংঃ বিজিএ/কাস/২০২২/ ১৮৩

**পুনঃবিজ্ঞপ্তি**

তারিখঃ ২৩/০৮/২০২২

**সম্মানিত সকল সদস্যের জন্য**

**বিষয়ঃ আমদানিকারকের মনোনীত C&F এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) ঢাকা কাস্টম হাউসের স্মারক নং ৫-কাস-১২(২৭)নীতি পদ্ধতি/বিবিধ/১৪/১৩৪৪৩(২), তারিখঃ ১৬/০৮/২০২২। (কপি সংযুক্ত)

(খ) বিজিএমইএ'র সার্কুলার নং- বিজিএ/কাস/২০২২/১৭৭, তারিখ: ১৭/০৮/২০২২।

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অন্য প্রতিষ্ঠানের BIN নাম্বার ব্যবহার করে জালিয়াতির মাধ্যমে পণ্য খালাস প্রক্রিয়া বন্ধ করার লক্ষ্যে কাস্টমস কর্তৃপক্ষ আমদানিকারক প্রতিষ্ঠানের মনোনীত C&F Agent এর তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের নিমিত্তে যে কার্যক্রম গ্রহণ করেছে তার জন্য সূত্রোক্ত 'খ' সার্কুলারের মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের মনোনীত C&F এজেন্টেদের নাম (সর্বোচ্চ ০৩টি) নির্ধারিত ছকে কমিশনার, কাস্টম হাউস, ঢাকা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে।

কাস্টম হাউস কর্তৃপক্ষ এ'দপ্তরকে অবগত করে যে, তারা এখনো পর্যন্ত C&F Agent এর নামের তালিকা উল্লেখযোগ্য সংখ্যক আমদানিকারক প্রতিষ্ঠান হতে পাননি।

উল্লেখ্য, C&F Agent এর নামের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে অন্তর্ভুক্ত না থাকলে পরবর্তীতে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনে জটিলতা হতে পারে, তাই জরুরী ভিত্তিতে দ্রুততার সাথে কাস্টম হাউসের নির্দেশনা মোতাবেক আপনার প্রতিষ্ঠানের মনোনীত C&F এজেন্টেদের নাম (সর্বোচ্চ ০৩টি) নির্ধারিত ছকে কমিশনার, কাস্টম হাউস, ঢাকা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

যে সকল প্রতিষ্ঠান ইতিমধ্যে C&F Agent এর নামের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের জন্য প্রেরণ করেছেন তাদের পুনরায় প্রেরণের প্রয়োজন নেই।

ধন্যবাদান্তে,

23/8/2022

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, ঢাকা।

ই-মেইল ও বাহক মারফত

নথি নং- ৫-কাস-১২(২৭)নীতি পদ্ধতি/বিবিধ/১৪/ তারিখ ঃ /০৮/২০২২ খ্রিঃ

বিষয় ঃ আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণ।

সূত্র ঃ ০১। জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা এর নথি নং-০৮.০১.০০০০.০৬৬.৩১.০০১.২০/৪০৯, তারিখঃ ০৩/০৮/২২ খ্রিঃ
০২। আপনার দপ্তরের পত্র নথি নং-বিজিএ/কাস/২০২২/৩৩৪৪, তারিখঃ ১৮/০৫/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আমদানি-রপ্তানি প্রক্রিয়া সহজীকরণ এবং দ্রুততম সময়ে ঝুঁকি হ্রাসপূর্বক রাজস্ব আহরণের লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে যথাযথ জবাবদিহিতা নিশ্চিতকরণ, শুল্কায়নের কাজে নিয়োজিত কর্মকর্তাদের নিবিড় মনিটরিং, কোন ক্ষেত্রে অনিয়ম সংঘটিত হলে দায়ী ব্যক্তিদের সহজে চিহ্নিতকরণ, সর্বোপরি রাজস্ব ফাঁকি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রতিটি আমদানিকারকের বিপরীতে সিএন্ডএফ-এর সুনির্দিষ্টকরণ প্রয়োজন। উক্ত পদ্ধতি চালু করা হলে জাল-জালিয়াতির মাধ্যমে খালাসের বিষয়টি সহজেই চিহ্নিত করা যাবে। সর্বোপরি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা যাবে। বিষয়টি কাস্টমস অটোমেশন সিস্টেমের মাধ্যমে ব্যবস্থিত করার লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রয়োজনীয় মডিউল তৈরি করা হয়েছে। উক্ত মডিউল পরিপূর্ণভাবে চালু করা হলে প্রতিটি আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্ট ব্যতীত অন্য কোন সিএন্ডএফ এজেন্ট বিল অব এন্ট্রি সংক্রান্ত কোন কার্যক্রম সম্পাদন করতে পারবে না।

০৩। এমতাবস্থায়, প্রথম পর্যায়ে IM-7 এর অধীন খালাস করা হয় এমন বিজিএমইএ এর সদস্যভুক্ত প্রতিষ্ঠানসমূহের নিকট হতে সর্বোচ্চ ০৩ টি করে মনোনীত সিএন্ডএফ এর তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে এ দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রম | আমদানিকারকের নাম | বিন নম্বর (BIN) | সিএন্ডএফ এজেন্ট এর নাম | এআইএন নম্বর (AIN) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

মোঃ সানোয়ারুল কবির
ডেপুটি কমিশনার
কমিশনারের পক্ষে

সভাপতি
বিজিএমইএ
২৩/১, হাতিরঝিল, লিংক রোড. ঢাকা-১২১৫।

নথি নং- ৫-কাস-১২(২৭)নীতি পদ্ধতি/বিবিধ/১৪/ ১৬৪৬(২) তারিখ ঃ ১৬/০৮/২০২২ খ্রিঃ

**অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ**

০১। প্রথম সচিব (কাস্টমসঃ অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। পি এ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। অফিস কপি।

মোঃ সানোয়ারুল কবির
ডেপুটি কমিশনার

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

[কাস্টমস: অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০১.২০/৪০৯ তারিখ: ০৩.০৮.২০২২ খ্রি.

বিষয়: আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণ।

সূত্র: বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন এর পত্র নং- বিজিএ/কাস/২০২২/৩৩৪৪, তারিখ: ১৮.০৫.২০২২ খ্রি. এবং বেপজার বিনিয়োগকারীদের অনুরোধ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি প্রক্রিয়া সহজীকরণ এবং দ্রুততম সময়ে ঝুঁকি হ্রাসপূর্বক রাজস্ব আহরণের লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম ব্যবহার করা হয়। বর্তমানে জাতীয় রাজস্ব বোর্ডের অধিভুক্ত ০৬ (ছয়) টি কাস্টম হাউস, ২৬ (ছাব্বিশ) টি কাস্টমস স্টেশন, ২০ (বিশ) টি অফ-ডক এবং ইপিজেডসমূহে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর মাধ্যমে শুল্কায়ন কার্যক্রম চালু রয়েছে। কাস্টমস অফিসগুলোতে কর্মরত কর্মকর্তাগণ, বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক, বাংলাদেশ বিমান, শিপিং এজেন্ট, সিএন্ডএফ এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার্স, ফিডার অপারেটর এবং সকল কমার্শিয়াল ব্যাংকসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এই সিস্টেমের প্রাত্যহিক ব্যবহারকারী। ভবিষ্যতে আরো সরকারি বেসরকারি সংস্থার সাথে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে আমদানি-রপ্তানি প্রক্রিয়া অধিকতর ডিজিটাল ব্যবস্থায় রূপান্তর করার কার্যক্রম চলমান রয়েছে।

০২। উল্লেখ্য যে, সিস্টেমের মাধ্যমে যথাযথ জবাবদিহিতা নিশ্চিতকরণ, শুল্কায়নের কাজে নিয়োজিত কর্মকর্তাদের নিবিড় মনিটরিং, কোন ক্ষেত্রে অনিয়ম সংঘটিত হলে দায়ী ব্যক্তিদের সহজে চিহ্নিতকরণ, সর্বোপরি রাজস্ব ফাঁকি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রতিটি আমদানিকারকের বিপরীতে সিএন্ডএফ এজেন্ট- এর সুনির্দিষ্টকরণ প্রয়োজন। উক্ত পদ্ধতি চালু করা হলে জাল-জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের বিষয়টি সহজেই চিহ্নিত করা যাবে এবং সর্বোপরি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা যাবে। বিষয়টি কাস্টমস অটোমেশন সিস্টেমের মাধ্যমে ব্যবস্থিত করার লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রয়োজনীয় মডিউল ডেভেলপ করা হয়েছে। উক্ত মডিউল পরিপূর্ণভাবে চালু করা হলে প্রতিটি আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্ট ব্যতীত অন্য কোন সিএন্ডএফ এজেন্ট বিল অব এন্ট্রি সংক্রান্ত কোন কার্যক্রম সম্পাদন করতে পারবে না।

০৩। এমতাবস্থায়, প্রথম পর্যায়ে IM-7 এর অধীনে খালাস করা হয় এমন সব প্রতিষ্ঠানসমূহের নিকট হতে সর্বোচ্চ ০৩ টি করে (তাদের মনোনীত সিএন্ডএফ প্রতিষ্ঠানের লিখিত মনোনয়ন সংগ্রহপূর্বক) তালিকা সংশ্লিষ্ট ছক মোতাবেক আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রম | আমদানিকারকের নাম | বিন নম্বর (BIN) | সিএন্ডএফ এজেন্ট-এর নাম | এআইএন নম্বর (AIN) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

০৪। বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

03.08.2022


[রাকিবুল হাসান]
প্রথম সচিব
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ফোন- ০২-৪৮৩১৮১২০-৬/এক্স- ৪১১
ই-মেইল-ss.asycuda@gmail.com


<u>প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১-০৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও।

০৭-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/সিলেট/কুমিল্লা/ঢাকা (পশ্চিম)/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/চট্টগ্রাম।

১৬-১৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।